

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
রাজস্ব বিভাগ
www.ccc.org.bd

আপনার সমস্যা-পরামর্শ
চট্টগ্রাম সিটি কর্পোরেশনের
১৬১০৪ নম্বরে জানান


স্মারক নং- ৪৬.১১.২৬৩.০০০.১৫.০৬-২৪.২২৫(৭) তারিখ : ২৭/৬/১৫ ১.১৫.১৩

“রিক্সা মালিকানা লাইসেন্স নবায়ন সংক্রান্ত বিজ্ঞপ্তি”

এতদ্বারা চট্টগ্রাম সিটি কর্পোরেশনে নিবন্ধিত সকল রিক্সা মালিকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৪১টি স্ব-স্ব ওয়ার্ডে বকেয়াসহ হাল ২০১৮-১৯ আর্থিক সনে রিক্সা মালিকানা লাইসেন্স নবায়ন কার্যক্রম আগামী ০১-০৭-২০১৮ খ্রি. তারিখ হতে ৩১-০৭-২০১৮ খ্রি. তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হবে। সর্বমোট নিবন্ধিত ৫৩,৭৭৪ খানা রিক্সা মালিকানা লাইসেন্স নবায়ন করা হবে।

নিম্নবর্ণিত মতে লাইসেন্স নবায়ন কার্যক্রম সম্পাদন করা হবে :-

- ১। স্ব-স্ব ওয়ার্ডে প্রতিটি রিক্সার উপস্থিতিতে নাম্বার টিন প্লেট, লাইসেন্স ও টোকেন এর মূল কপি যাচাই বাছাইপূর্বক পরিষ্কার পরিচ্ছন্ন, রাস্তার চলাচল উপযোগী রিক্সা হতে আদর্শ কর তফশিল ২০১৬ এর ১৫৫(ক) ধারায় নির্ধারিত বার্ষিক ১০০/- (একশত) টাকা হারে ফি গ্রহণপূর্বক বকেয়াসহ হাল ২০১৮-১৯ আর্থিক সনের বিপরীতে হালনাগাদ লাইসেন্স নবায়নের কাজ সম্পন্ন করা হবে। বকেয়া সনের লাইসেন্সের ক্ষেত্রে প্রতি বৎসরের জন্য নির্ধারিত ১০০/- (একশত) টাকা হারে সারচার্জ ব্যতীত ফি আদায়পূর্বক ২০১৮-১৯ আর্থিক সন পর্যন্ত হালনাগাদ নবায়ন করা হবে।
- ২। মটর/ব্যাটারী/ইঞ্জিন চালিত/সংযুক্ত রিক্সার লাইসেন্স নবায়ন করা হবে না।
- ৩। যে সকল রিক্সার পিছনে কুরণচিপূর্ণ/অশ্লীল বিজ্ঞাপনযুক্ত ছবি এবং বিভিন্ন সংগঠনের/প্রতিষ্ঠানের নাম সম্বলিত লাল/হলুদ/নীল বা যে কোন রংয়ের টিন প্লেট সংযুক্ত আছে ঐ সকল রিক্সার লাইসেন্স সমূহ কোন অবস্থাতেই নবায়ন করা হবে না।
- ৪। রিক্সা মালিকানা লাইসেন্স, টোকেন হারিয়ে গেলে সহিমুছুরী নকল গ্রহণপূর্বক রিক্সা মালিকানা লাইসেন্স নবায়ন করতে হবে।
- ৫। প্রতিটি রিক্সায় বাধ্যতামূলকভাবে হারিকেন বাতি সংযুক্ত থাকতে হবে।
- ৬। পুনরাদেশ না দেয়া পর্যন্ত রিক্সা মালিকানা লাইসেন্সের নাম ও ওয়ার্ডের নাম পরিবর্তন করা যাবে না।
- ৭। সম্মানিত কাউন্সিলরগণের সার্বিক তত্ত্বাবধানে সংশ্লিষ্ট ওয়ার্ড সচিবগণ সংশ্লিষ্ট ওয়ার্ড অফিসে নবায়ন কার্যক্রম সম্পাদন করবেন।


কর্তৃপক্ষ

চট্টগ্রাম সিটি কর্পোরেশন